অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-১৭১

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বাং
০৫ জুন, ২০২৩ খ্রি:

## প্রকল্প বাস্তবায়ন কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৪র্থ সভা গত ৩০/০৫/২০২৩ তারিখ অপরাহ্ন ২:০০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

Kawsar
05/06/2023

(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, বাজেট -৭)।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, সেক্টর-৩)।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান)।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৬। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৭। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৯। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (কার্যবিবরণীর কপি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়ঃ "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব মো: মইনুল কবির এর সভাপতিত্বে গত ৩০/০৫/২০২৩ তারিখ অপরাহ্ন ২:০০ ঘটিকায় "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৪র্থ সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক') ।

২। সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এটি এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উচ্চ অগ্রাধিকারভুক্ত একমাত্র প্রকল্প। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীন উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা, নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা, এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন, Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ, অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ, মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র (Jurisprudence) সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন, সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত।

৪। সভায় আরো জানানো হয় যে, প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনানুযায়ী ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ ১০২.০০ লক্ষ টাকা। ২৯/০৫/২০২৩ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৮০.৪১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ৬৭% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের ৭৮.৮৩%।

প্রকল্পটির এডিপি বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দ | অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের আলোকে ব্যয়যোগ্য বরাদ্দ | অর্থ অবমুক্তির তারিখ (নতুন অনুমোদিত প্রকল্প হিসেবে) | ২৯/০৫/২০২৩ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) | ব্যয়যোগ্য বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|
| ১২০.০০ | ১০২.০০ | ২৫/১০/২০২২ | ৮০.৪১ | ৬৭% | ৭৮.৮৩% |

সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- প্রকল্পের আওতায় ৩টি স্থানীয় প্রশিক্ষণ, সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জেলা পর্যায়ে ২টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ ও ঢাকা জেলায়) এবং ১টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ জেলায়) আয়োজন করা হয়েছে।
- এ ছাড়া, কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আরো ১টি স্থানীয় প্রশিক্ষণ এবং জেলা পর্যায়ে আরো ১টি স্টেকহোল্ডার কনসালটেশন (যশোর জেলায়) আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে।
- সীমিত বাজেট বরাদ্দে আলোকে নির্বাচিত আইন অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮/০৫/২০২৩ ইং তারিখে সংক্ষিপ্ত তালিকাভুক্ত পরামর্শক প্রতিষ্ঠান বরাবর RFP( Request for Proposal) ইস্যু করা হয়েছে।
- বাজেট বরাদ্দের আলোকে প্রকল্প অফিসের কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে।

৫। সভায় জানানো হয় যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির ৩য় সভা গত ১৫/০৩/২০২৩ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১১.১ | সংশোধিত এডিপিতে বাজেট প্রাপ্তির আলোকে ক্রয় পরিকল্পনা অনুযায়ী Translation of Laws, Code of Delegated Legislation এবং বাংলায় ডেস্কবুক প্রণয়ন সংক্রান্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | সীমিত বাজেট বরাদ্দের আলোকে নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮/০৫/২০২৩ ইং তারিখে সংক্ষিপ্ত তালিকাভুক্ত পরামর্শক প্রতিষ্ঠান বরাবর RFP (Request for Proposal) ইস্যু করা হয়েছে। |
| ১১.২ | প্রকল্প অফিসে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য অত্যাবশ্যকীয় কম্পিউটার ও আসবাবপত্র সংগ্রহ এবং এ বিভাগের কর্মকর্তাদের আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট খাতসমূহে চলতি অর্থবছরের সম্পূর্ণ বরাদ্দ ব্যয় করার অনুমতি চেয়ে অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে। | প্রকল্প অফিসে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য অত্যাবশ্যকীয় কম্পিউটার ও আসবাবপত্র সংগ্রহ এবং এ বিভাগের কর্মকর্তাদের আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে চলতি অর্থবছরের প্রশিক্ষণ খাতে ৯০% বরাদ্দ ব্যয় করার বিষয়ে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে। এছাড়া, অর্থ বিভাগের সম্মতিক্রমে সীমিত পরিমাণ কম্পিউটার ও আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১১.৩ | প্রকল্পের আওতায় আয়োজিতব্য বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্ত করতে হবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে পিএসসি ও পিআইসি এর সদস্যবৃন্দকে পর্যায়ক্রমে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। |
| ১১.৪ | সংশোধিত এডিপিতে বাজেট বরাদ্দের আলোকে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। | প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। সংশোধিত এডিপিতে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যার মধ্যে ব্যয়যোগ্য ১০২.০০ লক্ষ টাকা। তদানুযায়ী প্রকল্পের চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন/হালনাগাদ করা হয়েছে, যা বাস্তবায়নাধীন রয়েছে। |
| ১১.৫ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ করতে হবে। পরিপত্রের আওতাভুক্ত কোনো খাতের অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের ক্ষেত্রে নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। | বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |

৬। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের আওতায় অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ/ স্টেকহোল্ডার কনসালটেশনে প্রকল্প স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে পর্যায়ক্রমে আমন্ত্রণা জানানো হচ্ছে। ০৩/০৬/২০২৩ তারিখে যশোর জেলায় অনুষ্ঠিতব্য 'সাংবিধানিক এবং আইনগত অধিকার বিষয়ক' (Awareness Building on Constitutional and Legal Rights) সচেতনতামূলক স্টেকহোল্ডার কনসালটেশনে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এবং অর্থ বিভাগের প্রতিনিধি অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করেছেন। পরিকল্পনা কমিশনের প্রতিনিধিবৃন্দ পরবর্তী ওয়ার্কশপগুলোতে পর্যায়ক্রমে অংশগ্রহণ করবেন।

৭। সভাপতি মহোদয় বলেন যে, বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন নির্দেশনা থাকা সত্তেও উচ্চ অগ্রাধিকারভুক্ত প্রকল্প হিসেবে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় বাস্তবায়নাধীন এ প্রকল্পে সীমিত বাজেট বরাদ্দ প্রদান করায় তিনি অর্থ বিভাগের প্রতিনিধিকে ধন্যবাদ জানান। আগামী ২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ২.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা ডিপিপির লক্ষ্যমাত্রা ও প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনার তুলনায় অত্যন্ত অপ্রতুল। BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে আরো অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য সভাপতি মহোদয় অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।

৮। সীমিত বাজেট বরাদ্দের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুযায়ী ওয়ার্কশপ/সেমিনার ও প্রশিক্ষণ সহ বেশকিছু কাজ সম্পন্ন করায় সভায় প্রকল্প পরিচালককে ধন্যবাদ জানানো হয়। আগামী অর্থ বছরে বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য তিনি পিআইসি সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন।

৯। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৯.১ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | (ক) সীমিত বাজেট বরাদ্দের আলোকে নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(খ) BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে আরো অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশন/অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। |
| ৯.২ | Legislative Process and Technique বিষয়ে সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা | বাজেট বরাদ্দের আলোকে আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| ৯.৩ | বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্তকরণ | প্রকল্পের আওতায় ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। |
| ৯.৪ | ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন | এডিপিতে বাজেট বরাদ্দের আলোকে ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে। |
| ৯.৫ | উন্নয়ন বাজেটের অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র নির্দেশনা অনুসরণ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/৮/২০২৩

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।